

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৬.০৪২.২০.১৭৪৬

১৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: প্রথম পর্যায়ে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। প্রতিটি ল্যাবে ল্যাপটপ, ডেস্কটপ, প্রজেক্টর/এলইডি টিভি, রাউটার, প্রিন্টার, স্ক্যানার এবং আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। তবে কোন কোন প্রতিষ্ঠানে কিছু সামগ্রী যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে না এবং কিছু সামগ্রী অচল/ব্যবহার অনুপযোগী হয়েছে মর্মে জানা গেছে। তাই প্রথম পর্যায়ে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের বর্ণিত সামগ্রীর বর্তমান অবস্থা, যথাযথ ভাবে ব্যবহার হচ্ছে কিনা জানা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, প্রথম পর্যায়ে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ সরেজমিনে পরিদর্শন করে সামগ্রীসমূহ বর্তমানে কি অবস্থায় আছে, সম্পূর্ণ সচল/ব্যবহার উপযোগী আছে কিনা, অচল/ব্যবহার অনুপযোগী কিনা, অচল হলে কি ধরনের সমস্যা, কতদিন যাবৎ সমস্যা, মেরামতের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা, ল্যাব সম্পূর্ণ ব্যবহার উপযোগী ও অধিকতর কার্যকরী করার বিষয়ে পরামর্শ ইত্যাদি বিস্তারিত তথ্যসহ প্রতিবেদন নির্ধারিত ছকে পূরণ করে ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে গুগল লিংকে (<https://forms.gle/xvqWJrQ4RCd7tRaw6>) প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

১। পরিদর্শন ছক.....পাতা।

৩০-১০-২০২৩
এস এ এম রফিকুলমবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৫৫০০৬৮২৬ (ফোন)
০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)
pdsrdl@doict.gov.bd

প্রোগ্রামার সকল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৬.০৪২.২০.১৭৪৬/১ (৭)

১৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল);
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪। সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৬। সহকারী প্রোগ্রামার (সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এবং

৭। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।



(Handwritten signature)

৩১-১০-২০২৩

এস এ এম রফিকুল্লাহ

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সকল সংযুক্তিসমূহ:

- (১) ১ম পর্যায়ের স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত তথ্য ফর্ম
- (২) ১ম পর্যায়ের স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত তথ্য ফর্ম